



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.৯৩০০.০১৭.২৭.০০১.১৭-১৩৪৪

তারিখ- ২৪ অগ্রহায়ণ ১৪২৭
০৯ ডিসেম্বর ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু, টাংগাইল জেলার ভূঞাপুর উপজেলার গাবসারা ইউনিয়ন পরিষদের ০৪নং ওয়ার্ডের সদস্য জনাব হিটলার তালুকদার (হিটু মেম্বার) এর বিরুদ্ধে বয়স্কভাতা ও প্রতিবন্ধী ভাতার কার্ড করে দেওয়ার নাম করে অর্থ আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, টাংগাইল স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(১) ধারা অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

টাংগাইল জেলার ভূঞাপুর উপজেলার গাবসারা ইউনিয়ন পরিষদের ০৪নং ওয়ার্ডের সদস্য জনাব হিটলার তালুকদার (হিটু মেম্বার) কর্তৃক সংগঠিত অপরাধমূলক কার্যক্রমের প্রেক্ষিতে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, টাংগাইল জেলার ভূঞাপুর উপজেলার গাবসারা ইউনিয়ন পরিষদের ০৪নং ওয়ার্ডের সদস্য জনাব হিটলার তালুকদার (হিটু মেম্বার) এর বিরুদ্ধে বয়স্কভাতা ও প্রতিবন্ধী ভাতার কার্ড করে দেওয়ার নাম করে অর্থ আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(১) অনুযায়ী তাঁকে স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ই-মেইল-up1lgd@gmail.com

স্মারক নম্বর: ৪৬.০০.৯৩০০.০১৭.২৭.০০১.১৭-১৩৪৪

তারিখ- ২৪ অগ্রহায়ণ ১৪২৭
০৯ ডিসেম্বর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, টাংগাইল।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর, টাংগাইল।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। জনাব হিটলার তালুকদার (হিটু মেম্বার), সদস্য (সাময়িক বরখাস্তকৃত), ০৪নং ওয়ার্ড, গাবসারা ইউনিয়ন পরিষদ, ভূঞাপুর, টাংগাইল।
- ৮। অফিস কপি।

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

কারণ দর্শানো নোটিশ

স্মারক নম্বর: ৪৬.০০.৯৩০০.০১৭.২৭.০০১.১৭-১৩৪৫

তারিখ- ২৪ অগ্রহায়ণ ১৪২৭
০৯ ডিসেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব হিটলার তালুকদার (হিটু মেম্বার), ইউপি সদস্য (সাময়িক বরখাস্তকৃত), ০৪নং ওয়ার্ড, গাবসারা ইউনিয়ন পরিষদ, ভূঞাপুর, টাংগাইল-কে বয়স্কভাতা ও প্রতিবন্ধী ভাতার কার্ড করে দেওয়ার নাম করে অর্থ আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, টাংগাইল এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ০৯ ডিসেম্বর ২০২০ তারিখের ১৩৪৪ স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনার বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৪)(খ) ও (ঘ) ধারার অপরাধে ব্যবস্থা গ্রহণ করা হবেনা তাঁর জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, টাংগাইল-এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ই-মেইল-up1lgd@gmail.com

জনাব হিটলার তালুকদার (হিটু মেম্বার),
সদস্য, ০৪নং ওয়ার্ড, গাবসারা ইউনিয়ন পরিষদ
ভূঞাপুর, টাংগাইল।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, টাংগাইল (উল্লিখিত ইউপি সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর, টাংগাইল।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।